

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০০.৬১১.০৬.০০০৪.২৬.২০২২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘খাদ্য
পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি)’ নিম্নরূপে পুনর্গঠন করেছে :

১.১। কমিটির গঠন :

(১) মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়	:	সভাপতি
(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	:	সদস্য
(৩) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	:	সদস্য
(৪) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
(৫) মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(৬) মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	:	সদস্য
(৭) মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	:	সদস্য
(৮) মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ	:	সদস্য
(৯) প্রতিমন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়	:	সদস্য

(২৬০৩১)

মূল্য : টাকা ৪.০০

(১০)	মন্ত্রিপরিষদ সচিব	:	সদস্য
(১১)	সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
(১২)	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	:	সদস্য
(১৩)	সচিব, খাদ্য মন্ত্রণালয়	:	সদস্য
(১৪)	সচিব, শিল্প মন্ত্রণালয়	:	সদস্য
(১৫)	সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	:	সদস্য
(১৬)	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(১৭)	সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
(১৮)	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য
(১৯)	সচিব, কৃষি মন্ত্রণালয়	:	সদস্য
(২০)	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	:	সদস্য
(২১)	সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	:	সদস্য
(২২)	মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়	:	সদস্য-সচিব।

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। কমিটির কার্যপরিধি :

- (১) কমিটি সার্বিক খাদ্য পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখবে;
- (২) কমিটি খাদ্যশস্য উৎপাদনের পরিসংখ্যান, খাদ্যশস্যের চাহিদা নিরূপণ, খাদ্যশস্যের মজুত, সামগ্রিক খাদ্য ব্যবস্থাপনা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং খাদ্য সম্পর্কীয় অন্যান্য বিষয় পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সরকারকে পরামর্শ প্রদান করবে;
- (৩) পুষ্টিকর স্বাস্থ্যসম্মত খাদ্যের নিশ্চয়তা বিধানকল্পে বাস্তব পরিস্থিতি পর্যালোচনা করে সরকারকে প্রয়োজনমত পরামর্শ প্রদান করবে; এবং
- (৪) জনগণের নিরাপদ খাদ্যের চাহিদা বিবেচনায় রেখে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদান করবে।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

- ১.৫। খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ১.৬। মন্ত্রিপরিষদ বিভাগের ১২ এপ্রিল ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬. ৭৪ স্মারকের অনুবৃত্তিক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ শামীম সোহেল)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd